যুগান্তর

তারিখ: 27 NOV 2017
পৃষ্ঠা: ১৬ কলাম: ৫

যুগান্তর

উচ্চতর শিক্ষা ও গবেষণা

# নজরুল বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এফআইও'র চুক্তি স্বাক্ষর

**ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও ফার্স্ট ইন্সটিটিউট অব ওসানোগ্রাফির (এফআইও) মধ্যে ৫ বছর মেয়াদি একটি সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান রোববার হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভিসি প্রফেসর ড. এএইচএম মোস্তাফিজুর রহমান। ড. আশরাফ আলী সিদ্দিকীর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চীনের এফআইওর ডিরেক্টর জেনারেল প্রফেসর ড. তাইগ্যাংগ লি, প্রফেসর ড. জেওফা শি, বিশিষ্ট বিজ্ঞানী প্রফেসর ড. জুয়াংগু, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কৃষিবিদ ড. মো. হুমায়ুন কবীর, সহকারী অধ্যাপক রকিবুল হাসান ও নকিবুল হাসান খান প্রমুখ।